

## নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয় : বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস-এর নিম্নলিখিত শূন্য পদগুলো পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের অফিসে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে :-

ক্রঃ নং	পদের নাম ও বেতন	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	চীফ মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার টাঃ ৫৬,৫০০-৭৪,৪০০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক)টি (পুনঃ বিজ্ঞপ্তি)	প্রার্থীকে যন্ত্রকৌশল/তড়িৎ কৌশল/ফলিত পদার্থ ও ইলেকট্রনিক বিষয়ে বি.এসসি ইঞ্জিনিয়ারিং/ বি.এসসি (সম্মান) ডিগ্রী প্রাপ্ত হইতে হইবে। প্রার্থীকে অবশ্যই কোন খ্যাতিসম্পন্ন বিশ্ববিদ্যালয়/এ্যাডভান্সড রিসার্চ ইন্সটিটিউট/ আন্তর্জাতিক বৈজ্ঞানিক গবেষণা কেন্দ্রে তত্ত্বাবধায়ক প্রকৌশলী হিসাবে, বৈজ্ঞানিক যন্ত্রপাতি রক্ষণাবেক্ষনে ৫ বৎসরের অভিজ্ঞতাসহ মোট ১০ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। পি.এইচডি ডিগ্রীধারী প্রার্থী এবং বৈজ্ঞানিক যন্ত্রপাতি রক্ষণাবেক্ষনে বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নহে।
২.	প্রিন্সিপাল কম্পিউটার সাইন্টিস্ট টাঃ ৫০,০০০-৭১,২০০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক)টি (পুনঃ বিজ্ঞপ্তি)	প্রার্থীকে অবশ্যই কম্পিউটার সায়েন্স/ইনফরমেশন টেকনোলজি/ইলেকট্রিক এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/কমিনিউকেশন ইঞ্জিনিয়ারিং-এ পি.এইচডি ডিগ্রীধারী হইতে হইবে। প্রার্থীকে হাতে কলমে প্রোগ্রামার/সিস্টেম এনালিস্ট হিসাবে কাজ করার অথবা বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষকতা ও গবেষণা কাজে ন্যূনতম ৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। সংশ্লিষ্ট বিষয়ে পি.এইচডি ডিগ্রীধারীদের ক্ষেত্রে চাকুরীর অভিজ্ঞতা ২ (দুই) বৎসর শিথিল করা যাইতে পারে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নহে।
৩.	সিনিয়র সাইন্টিস্ট (লেজার ল্যাব) টাঃ ৩৫,৫০০-৬৭,০১০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক)টি	প্রার্থীকে অবশ্যই ফলিত পদার্থ বিজ্ঞান/মেটেরিয়াল সায়েন্সেস/পদার্থ বিজ্ঞানে পি.এইচডি ডিগ্রীধারী হইতে হইবে। এছাড়া প্রার্থীকে কোন খ্যাতিসম্পন্ন বিশ্ববিদ্যালয়/এ্যাডভান্সড রিসার্চ ইন্সটিটিউট/আন্তর্জাতিক বৈজ্ঞানিক গবেষণা কেন্দ্রে ০৩ বৎসরের শিক্ষকতা/গবেষণামূলক কাজের অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রার্থীর রেফার্ড জার্নালে ন্যূনতম ৫টি মৌলিক প্রকাশনা থাকিতে হইবে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি/জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নহে।  অন্যভাবে উপযুক্ত বিবেচিত হইলে সিনিয়র সাইন্টিস্ট পদের বিপরীতে সাইন্টিস্ট/রিসার্চ ফেলো পদে নিয়োগ করা যাইতে পারে।
৪.	সিনিয়র সাইন্টিস্ট (সফটওয়্যার ল্যাব) টাঃ ৩৫,৫০০-৬৭,০১০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক)টি	প্রার্থীকে অবশ্যই পদার্থ বিজ্ঞান/তাত্ত্বিক পদার্থ বিজ্ঞান/কম্পিউটার সায়েন্স/রসায়ন/গণিত/ইনফরমেশন টেকনোলজি-তে পি.এইচডি ডিগ্রীধারী হইতে হইবে। কম্পিউটার সিমুলেশন, কোডিং ও এ সংক্রান্ত গবেষণা কাজে বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রার্থীর রেফার্ড জার্নালে ন্যূনতম ৫ টি মৌলিক প্রকাশনা থাকিতে হইবে। কম্পিউটার সিমুলেশনের উপর প্রকাশিত গবেষণাপত্রধারী প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি/জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নহে।  অন্যভাবে উপযুক্ত বিবেচিত হইলে সিনিয়র সাইন্টিস্ট পদের বিপরীতে সাইন্টিস্ট/রিসার্চ ফেলো পদে নিয়োগ করা যাইতে পারে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ক্রমিক নং-০১ ও ০২ পদের জন্য ১০০০/- (এক হাজার) টাকা ও ক্রমিক নং-০৩ ও ০৪ পদের জন্য ৭৫০ (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮ (আট) প্রস্থ দরখাস্ত আগামী ০৮-০৮-২০১৭ তারিখের মধ্যে রেজিস্ট্রারের (২০৩ নং কক্ষে) নিকট পৌঁছাইতে হইবে। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে।

Bdolat